

www.cgi-health.com

_____এ আপনার কোলোনোস্কোপি করা হবে, অনুগ্রহ করে _____টার সময় এখানে পৌঁছে যাবেন।

আপনার প্রক্রিয়াটি এখানে করা হবে

দ্য কোলোনোস্কোপি সেন্টার, ল্যান্সডেল (815 সামনেটাউন পাইক, সুইট 110, ল্যান্সডেল)

দ্য কোলোনোস্কোপি সেন্টার, সেলার্সভিল (817 লন অ্যাভে, সেলার্সভিল)

গ্র্যান্ডভিউ হাসপাতাল (700 লন অ্যাভে, সেলার্সভিল)

আইনস্টাইন হাসপাতাল (559 ডব্লু জার্মানটাউন পাইক, ইস্ট নরিটন)

সাবার্বান কমিউনিটি হাসপাতাল (2701 ডেকাথ পাইক, নরিসটাউন)

আপনার প্রক্রিয়াটি করবেন

ডা. মার্কেস

ডা. লুকাডোয়েস্কি

ডা. নাম

ডা. ও'কনার

ডা. সন

ডা. ওরিটজ

আপনার পেট প্রস্তুত করার নির্দেশ এর সাথে দেওয়া হয়েছে।

এসে পৌঁছানোর আগে, অনুগ্রহ করে এখানে আমাদের রোগীদের অধিকার এবং দায়িত্বগুলি দেখে নিন

www.cgi-health.com/rights.

যদি আপনি রোগীর অধিকার এবং দায়িত্বগুলি দেখে নিতে না পারেন (বা যদি আপনি একটা হার্ড কপি পেতে চান), যদি প্রস্তুত হওয়ার বিষয়ে আপনার কোন প্রশ্ন থাকে, বা যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট বদলাতে চান, অনুগ্রহ করে _____ 215-257-5071 এক্স _____এ যোগাযোগ করুন।

আপনার প্রক্রিয়ার জন্য যখন এসে পৌঁছাবেন, সাথে করে আপনার একটা ফটো আইডি এবং আপনার বিমা কার্ড(গুলি) আনবেন। আশা করতে পারেন আপনাকে প্রায় 1½ ঘন্টা এখানে থাকতে হবে।

আমাদের 18-57 থেকে বছর বয়সের মহিলা রোগীদের জন্য: প্রক্রিয়ার দিন আপনাকে গত মাসিক ম্রাব চক্রের তারিখ জানাতে বলা হবে এবং আপনার গর্ভবতী হওয়ার সম্ভাবনা আছে কিনা জিজ্ঞাসা করা হবে। অনিশ্চিত হলে, আপনি আসার আগে আমরা আপনাকে গর্ভাবস্থা পরীক্ষা করিয়ে নিতে বলব, বা আপনার প্রক্রিয়া বাতিল করে দেওয়া হবে।

প্রস্তুত হওয়া

আপনার প্রক্রিয়ার আগে

আপনার ফার্মাসি থেকে নিচের জিনিসগুলি কিনে নেবেন:

4 ডালকোল্যাক্স ল্যাক্সেজটিভ ট্যাবলেট (স্টুল সফ্টনার না)
8.3 আউন্স মিরাল্যাক্সের বোতল

দ্রষ্টব্য: বীজ, বাদাম এবং ফল ও সজ্জির খোসা আমাদের স্কোপের যন্ত্রে বাধা দেয়।
আপনার প্রক্রিয়ার 3 দিন আগে থেকে অনুগ্রহ করে এই খাবারগুলি এড়িয়ে যাবেন।
খোসা ছাড়ানো ও বীচ বাদ দেওয়া ফল সজ্জি খাওয়া নিরাপদ।

যদি আপনার ডায়বেটিস থাকে, যে ডাক্তার আপনার ওষুধ নিয়ন্ত্রণ করছেন তার সাথে পরামর্শ করে নেবেন যাতে আপনার প্রক্রিয়ার আগের দিন যখন আপনার তরল পদার্থ খেয়ে থাকতে হবে তখন তিনি ঠিকমত ওষুধ কম বেশি করে দেন।

আপনার প্রক্রিয়ার আগের দিন

**আপনার প্রক্রিয়ার আগের দিন কোনরকম শক্ত খাবার খাওয়া যাবে না।
মান্নরাত থেকে পানীয় খাওয়া বন্ধ করে রাখবেন।**

আপনার প্রক্রিয়ার আগের দিন এই স্বচ্ছ তরল খাবারগুলি খাওয়া যায়: সূপ সুরুয়া, পাতলা ঝোল, সোডা, আইস টী, গরম চা, ব্ল্যাক কফি (দুধ, ক্রিম বা দুগ্ধজাত না এমন কফি অ্যাডিটিভ বাদ দিয়ে তবে চিনি মেশানো যায় এমন) জল, ফলের রস যার রং **লাল-না বা বেগুনি না** (যেমন আপেল, সাদা আঙ্গুর, সাদা ক্র্যানবেরি), ছেকে নেওয়া লেবুর সরবত, কুল এড যার রং **লাল- না বা বেগুনি না**, গেটোরেড, ক্রিস্টাল লাইট, আইস ক্রিম ছাড়া পপসিকল, ইতালিয়ান ওয়াটার আইস এবং জেল-ও।

এই দিন সাধারণ নিয়মমত ওষুধ নেওয়া যায়।

বিকাল 4:00টায় 2টো ডালকোল্যাক্স ট্যাবলেট খাবেন। এই ওষুধগুলি গুঁড়ো করবেন না বা চিবিয়ে খাবেন না। মালক্স, টাম্প, মাইল্যান্টা বা অন্য কোন অ্যান্টাসিডের মত অ্যান্টাসিড নেওয়ার 1 ঘন্টার মধ্যে এই ওষুধগুলি নেবেন না।

বিকাল 6:00টায় জল দিয়ে আরো 2টো ডালকোল্যাক্স ট্যাবলেট খেয়ে নেবেন এবং মিরাল্যাক্সের সম্পূর্ণ বোতলটা 64 আউন্স, **লাল-না এমন**, হিমশীতল তরল পানীয়ের সাথে মিশিয়ে নেবেন। প্রতি 15 মিনিটে 8 আউন্স করে এটা খেতে থাকবেন, যতক্ষণ না ফুরিয়ে যায়।

শুভে যাওয়ার আগে পর্যন্ত অনবরত তরল খেতে থাকবেন কারণ সেটাকোলোনোস্কোপির জন্য আপনার পুরো পেট পরিষ্কার করায় সাহায্য করবে।

আপনার প্রক্রিয়ার সকালে

প্রক্রিয়ার প্রায় 3 ঘন্টা আগে দরকার হলে আপনি এক চোঁক জল দিয়ে আপনার হার্ট এবং বা রক্ত চাপ অর্থাৎ ব্লাড প্রেসারের ওষুধ নিতে পারেন।

ড্রাইভার দরকার: আপনার কাছে ড্রাইভার না থাকলে হয় আপনার প্রশান্তিদায়ক সেডেটিভ ছাড়া এই প্রক্রিয়া করাতে হবে বা আরেক দিন এটা করার সময় স্থির করে নিতে হবে। আপনার সাথে যদি কোন দায়িত্ববান প্রাপ্তবয়স্ক আসেন **শুধু** তাহলে আপনি প্রক্রিয়াশেষে সর্বজনীন পরিবহন (ক্যাব, সরকারি বা বেসরকারি গাড়ি) ব্যবহার করতে পারবেন। দিনের বাকি সময়টা একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে আপনার পাশে থাকতে হবে। পরের দিন সকালের আগে পর্যন্ত আপনাকে ড্রাইভ করার অনুমতি দেওয়া হবে না।

অনুস্মারক: আপনার প্রক্রিয়ার জন্য স্থির করা দিনসংখ্যের 4 ঘন্টার মধ্যে কোন তরল খেতে পারবেন না, তেমন হলে

আপনার প্রক্রিয়া বাতিল করে দেওয়া হবে।